

NY হিরো আইন (NY HERO Act)

NY স্বাস্থ্য ও অত্যাৱশ্যকীয় অধিকার আইন (NY Health and Essential Rights Act)

NY হিরো আইন (NY HERO Act) কি?

- নিউ ইয়র্ক স্বাস্থ্য ও অত্যাৱশ্যকীয় অধিকার আইন (New York Health and Essential Rights Act) 5ই মে 2021 তারিখে আইন হিসাবে স্বীকৃত হয়।
- এই আইনের অধীনে অভিবাসনের স্থিতি ব্যতিরেকে, কর্মচারীদের সুরক্ষিত রাখতে নিউ ইয়র্ক রাজ্যের শ্রম বিভাগ একটি আদর্শ বায়ুবাহিত সংক্রামক রোগের সংস্পর্শ প্রতিরোধ পরিকল্পনা গঠন করবে যার মাধ্যমে COVID-19 এর মত বায়ুবাহিত সংক্রামক রোগের সংস্পর্শ থেকে রক্ষা পাওয়া যায়।
- সমস্ত কর্মচারীকে হয় শ্রম বিভাগের আদর্শ মান অনুযায়ী অথবা আরও শক্তিশালী পরিকল্পনা বানিয়ে, কর্মক্ষেত্রে অবশ্যই নিজস্ব প্রতিরোধ পরিকল্পনা তৈরি করতে হবে।
- 6ই সেপ্টেম্বর 2021 তারিখে, গভর্নর হোচুল COVID-19-কে বায়ুবাহিত সংক্রামক রোগ হিসাবে ঘোষণা করেন এবং পরবর্তী ঘোষণা পর্যন্ত হিরো আইনকে তৎক্ষণাৎ কার্যকর করেন। এর মাধ্যমে সকল কর্মচারীকে কর্মক্ষেত্রে সুরক্ষা পরিকল্পনা প্রয়োগ করার নির্দেশ দেওয়া হয়।

কে কে আওতাভুক্ত হবেন?

- NY হিরো আইন অভিবাসন স্থিতি ব্যতিরেকে সমস্ত বেসরকারী বিভাগের কর্মীদের আওতাভুক্ত করে।
- এর অন্তর্ভুক্ত হবেন পার্ট-টাইম কর্মী, স্বাধীন কনট্রাক্টর, পরিচারক-পরিচারিকা, হোম কেয়ার ও পার্সোনাল কেয়ার কর্মী, দৈনিক শ্রমিক, কৃষি কর্মী ও অন্যান্য সাময়িক ও মরসুমি কর্মী।



কে কে আওতাভুক্ত হবেন না?

- NY হিরো আইনের আওতায় রাজ্য সরকারের কর্মচারী, বা স্বাধীন কনট্রাক্টর, রাজ্যের কোন রাজনৈতিক উপবিভাগ, সরকারী কর্তৃপক্ষ, বা অন্যান্য কোন সরকারী এজেন্সি অন্তর্ভুক্ত হবে না।
- নিয়োগকর্তা পেশাগত সুরক্ষা ও স্বাস্থ্য পরিচালনা ব্যবস্থার গৃহীত কোন সাময়িক বা স্থায়ী মানদণ্ডের আওতাভুক্ত হলে স্বাস্থ্যক্ষেত্রে নিয়োগকর্তারা হিরো আইনের অধীনস্থ হতে পারবেন না।
- নিয়োগকর্তার কোন বা সমস্ত কর্মচারী একটি সাময়িক বা স্থায়ী OSHA মানদণ্ডের আওতাভুক্ত হবেন কিনা তা প্রত্যেক নিয়োগকর্তাকে নিজেই বিবেচনা করতে হবে।
- কোন সাময়িক OSHA মানদণ্ড আর কার্যকর না থাকলে, পূর্বে OSHA মানদণ্ডের আওতাভুক্ত নিয়োগকর্তারা পরে হিরো আইনের অধীনস্থ হতে পারবেন।

কমিউনিটি সদস্যদের জন্য তথ্য

আমার অধিকারগুলি কি কি?

- হিরো আইন দ্বারা স্থাপিত মানদণ্ডগুলি যদি আমার নিয়োগকর্তা মেনে না চলেন, তিনি NY হিরো আইনের অধীনে বলবৎ থাকা আপনার অধিকারগুলি লঙ্ঘন করছেন এবং আপনাকে বায়ুবাহিত সংক্রামক রোগের সংস্পর্শে আসার ঝুঁকিতে রাখছেন।
- প্রতিফলের কথা না ভেবেই কাজ করতে অস্বীকার করার অধিকার আপনার আছে।
- শ্রম বিভাগে অভিযোগ দায়ের করতে যান: dol.ny.gov/ny-hero-act
- আপনি সহায়তা পাওয়ার জন্য অপরিহার্য কর্মী গোষ্ঠীর সাথেও যোগাযোগ করতে পারেন! ইমেল: protectnyheroes@gmail.com

আমার নিয়োগকর্তাকে কি কি অবশ্যই করতে হবে?

- সমস্ত কর্মচারীকে মাস্ক দিতে হবে এবং তাদের মাস্ক পরতে বলতে হবে
- আবশ্যিক PPE প্রদান করতে হবে
- অন্ততপক্ষে 6 ফুটের সামাজিক দূরত্ব বজায় রাখতে হবে
- হ্যান্ড স্যানিটাইজার/ ওয়াশিং স্টেশন দিতে হবে
- প্রতিদিন কাজের শুরুতে কর্মীদের পরীক্ষা করে COVID-19 এর উপসর্গ আছে কিনা যাচাই করতে হবে
- সম্ভাব্য সর্বাধিক পর্যায়ে বাইরের বাতাসের প্রবাহ বৃদ্ধি করতে হবে
- খুব বেশী স্পর্শ করা তল নিয়মিত জীবাণুমুক্ত করতে হবে
- আক্রান্ত ও সংস্পর্শে আসা কর্মীদের বেতনসহ কোয়ারেন্টিন ছুটি প্রদান করতে হবে
- নিয়ম পালন বজায় রাখতে একজন তত্ত্বাবধায়ক নিযুক্ত করতে হবে

প্রয়োগকাল

5ই আগস্ট, 2021

- বায়ুবাহিত রোগ থেকে কর্মীদের সুরক্ষিত রাখতে আপনার নিয়োগকর্তাকে অবশ্যই একটি পরিকল্পনা তৈরি করতে হবে। শ্রম বিভাগ দ্বারা প্রদত্ত টেমপ্লেটও তাদের গ্রহণ করতে হবে।

4ঠা সেপ্টেম্বর, 2021

- এই পরিকল্পনা অবশ্যই কর্মচারীদের জানাতে হবে। কর্মচারীরা তাদের মাতৃভাষায় এটি জানার অনুরোধ করতে পারবেন।

1লা নভেম্বর, 2021

- 10+ কর্মচারীসহ নিয়োগকর্তাদের অবশ্যই একটি যৌথ কর্মী-ম্যানেজমেন্ট কর্মক্ষেত্র সুরক্ষা কমিটি গঠনের ও পরিচালনার অনুমতি দিতে হবে।



কর্মী কমিটি

কর্মী কমিটি কি?

1লা নভেম্বর থেকে, বেসরকারি ক্ষেত্রের কর্মচারীদের (10 বা তার বেশী কর্মী থাকা কোম্পানিতে কর্মরত) শুধুমাত্র COVID-19 সংক্রান্ত সমস্যা নয়, সেইসঙ্গে কর্মক্ষেত্রের যেকোন স্বাস্থ্য ও নিরাপত্তা সংক্রান্ত সমস্যা নীতির ব্যবস্থা করতে, তাদের কর্মী কমিটি গঠনের অনুমতি দিতে হবে।



কমিটি গঠন করার দরকার কি?

কমিটি গঠনের মাধ্যমে কর্মীরা নিম্নলিখিত ব্যবস্থাগুলি নিতে পারবেন:

- নিয়োগকর্তাদের কাছে প্রশ্ন ও অভিযোগ জানাবে যার উত্তর দিতে নিয়োগকর্তারা বাধ্য থাকবেন
- নিয়োগকর্তার যেকোন স্বাস্থ্য ও নিরাপত্তা নীতির পর্যালোচনা করবে
- সরকারী সংস্থার সাইট ভিজিট ও পরিদর্শনে অংশগ্রহণ করবে
- নিয়োগকর্তার দাখিল করা যেকোন স্বাস্থ্য ও নিরাপত্তা রিপোর্টের পর্যালোচনা করবে
- প্রতি ত্রৈমাসিকে কাজের সময় 2 ঘণ্টার জন্য কমিটির মিটিং বসাতে হবে
- কমিটি সদস্যরা পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা এবং কর্মী সুরক্ষা কমিটির কার্যব্যবস্থা সংক্রান্ত প্রশিক্ষণে অংশগ্রহণ করতে পারবেন যা চার ঘণ্টার বেশী হবে না।

এই কমিটিতে কারা থাকতে পারবেন?

- কমিটিতে অন্ততপক্ষে 2/3 জন নন-সুপারভাইজরি কর্মী থাকবেন এবং নিয়োগকর্তাদের অন্ততপক্ষে একজন প্রতিনিধি অবশ্যই থাকবেন। কমিটির সভাপতি যৌথভাবে কর্মীরা ও নিয়োগকর্তারা হবেন।
- বর্তমানে একটি NY HERO কমিটিতে 12 জনের বেশি সদস্য থাকতে পারে না।
- কর্মীরা নিজেদের প্রতিনিধিদের বেছে নেবেন এবং তার প্রতিফল থেকে সুরক্ষিত থাকবেন




আমার অধিকারগুলি কি কি?

- কর্মীরা ছাঁটাই, অবনমন বা কোনপ্রকার প্রতিফলের ভয় ছাড়াই এই কমিটিগুলি গঠন করতে পারবেন
- আপনি শ্রম বিভাগে অভিযোগ জানাতে পারবেন এখানে: dol.ny.gov/ny-hero-act
- অপরিহার্য কর্মী গোষ্ঠীর কাছ থেকে সহায়তা পাওয়ার জন্য যোগাযোগ করুন! ইমেল: protectnyheroes@gmail.com

বায়ুবাহিত সংক্রামক রোগের সংস্পর্শ প্রতিরোধ পরিকল্পনা

সংস্পর্শ প্রতিরোধ পরিকল্পনা কি?

- শ্রম বিভাগ একটি প্রমাণ পরিকল্পনা তৈরি করেছে যা পরিবর্তন করে বা যেমন আছে তেমনভাবেই ব্যবহার করা যেতে পারে। এই পরিকল্পনার উদ্দেশ্য হল একটি বায়ুবাহিত সংক্রামক রোগের প্রাদুর্ভাবের সময় এর সংস্পর্শ ও অসুখ থেকে কর্মচারীদের সুরক্ষিত রাখা।
- নিয়োগকর্তাদের ন্যূনতমভাবে নিম্নলিখিত নির্দেশিকা মেনে চলতেই হবে।
- পরে DOL (শ্রম বিভাগ) দ্বারা একটি পর্যালোচিত শিল্পক্ষেত্রভিত্তিক নির্দেশিকা প্রকাশ করা হবে।



প্রাদুর্ভাবের সময় ন্যূনতম নিয়ন্ত্রণ

কাজের জায়গায় সর্বত্র নিয়োগকর্তারা নিম্নলিখিত ন্যূনতম নিয়ন্ত্রণ ব্যবস্থাগুলি অবশ্যই ব্যবহার করবেন

- সাধারণ সচেতনতা
 - শারীরিক দূরত্ব বজায় রাখা
 - মাস্ক, গ্লাভস ও ব্যক্তিগত সুরক্ষাদায়ক সরঞ্জাম (PPE) পরা
 - প্রায়ই যথাযথভাবে হাত ধোয়া
- কর্মীর মধ্যে রোগের উপসর্গ দেখা গেলে তাকে কর্মক্ষেত্রের মধ্যে থাকতে না দেওয়া
- শিফটের শুরুতে কর্মীদের স্বাস্থ্য পরীক্ষা সম্পূর্ণ করতে হবে
- যথাযথ শারীরিক দূরত্ব বজায় রাখার ব্যবস্থা থাকবে
- কর্মীদের যথাযথভাবে হাত পরিষ্কার রাখতে হবে
- ধোয়া ও জীবাণুমুক্ত করা
- অতিরিক্ত ঝুঁকি থাকা ব্যক্তিদের জন্য বিশেষ থাকার ব্যবস্থা

প্রাদুর্ভাবের সময় উন্নত নিয়ন্ত্রণ


ন্যূনতম নিয়ন্ত্রণ ব্যবস্থার মাধ্যমে কর্মচারীদের পর্যাপ্ত সুরক্ষা না দেওয়া গেলে অতিরিক্ত নিয়ন্ত্রণ ব্যবস্থা গ্রহণ করতে হবে:

- নিয়োগকর্তা ঝুঁকিপূর্ণ কাজ সাময়িককালের জন্য বন্ধ রাখার কথা ভাবতে পারেন
- নিয়োগকর্তাকে নিম্নলিখিত বিষয়গুলি বিবেচনা করতে হবে:
 - স্বাভাবিক বায়ু চলাচল ব্যবস্থা
 - এয়ার পিউরিফায়ার
 - প্লেজিগ্লাস
 - আলট্রাভায়োলেট লাইট ডিজাইনফেকশন সিস্টেম
- প্রশাসনিক নিয়ন্ত্রণ
 - শারীরিক দূরত্ব বৃদ্ধি করা
 - হাত ধোয়া ও পরিষ্কার করার জন্য অতিরিক্ত ছোট বিরতি প্রদান করতে হবে
 - সাবান, স্যানিটাইজার, একবার ব্যবহারের উপযোগী জীবাণুমুক্ত করার তোয়ালে দিতে হবে
- কর্মচারীর কাছ থেকে টাকা না নিয়ে তাকে পিপিই দিতে হবে। প্রদান করা পিপিই কর্মক্ষেত্রের ঝুঁকি মূল্যায়নের উপর ভিত্তি করে বানাতে হবে।

বায়ুবাহিত সংক্রামক রোগের সংস্পর্শ প্রতিরোধ পরিকল্পনা

প্রাদুর্ভাবের সময় প্রশিক্ষণ ও তথ্য প্রদান

- নিয়োগকর্তা মৌখিকভাবে সমস্ত কর্মচারীকে পরিকল্পনার অস্তিত্ব ও অবস্থান সম্পর্কে বলবেন, কোন পরিস্থিতিতে এটি সক্রিয় হবে তা জানাবেন এবং হিরো আইনের অধীনে তাদের অধিকার ও নীতিগুলি সম্পর্কেও বুঝিয়ে দেবেন।
- পরিকল্পনা সক্রিয় হলে, সমস্ত কর্মী প্রশিক্ষণ পাবেন যা পরিকল্পনার সমস্ত উপকরণ ও অন্যান্য প্রাসঙ্গিক বিষয় অন্তর্ভুক্ত করবে:
 - সংক্রামক মাধ্যম এবং তার দ্বারা সৃষ্ট রোগ
 - রোগের লক্ষণ ও উপসর্গ
 - রোগ কীভাবে ছড়ায়
 - এই সংস্পর্শ প্রতিরোধ পরিকল্পনার বিস্তারিত ব্যাখ্যা
 - সংস্পর্শ নিয়ন্ত্রণ ব্যবস্থার ব্যবহার ও সীমাবদ্ধতা
 - কর্মক্ষেত্রের কার্যকলাপ ও অবস্থান যার ফলে সংক্রামক মাধ্যমের সংস্পর্শে আসা যেতে পারে
- প্রশিক্ষণটি:
 - কর্মচারীদের বিনামূল্যে প্রদান করতে হবে এবং কাজের সময় সংঘটিত হবে
 - যথাযথ বিষয়বস্তু সমৃদ্ধ হবে এবং কর্মচারীদের শিক্ষাগত যোগ্যতা, অক্ষর জ্ঞান অনুযায়ী হবে ও পছন্দের ভাষায় সম্পন্ন করতে হবে
 - সরাসরি মৌখিকভাবে জানাতে হবে অথবা টেলিফোন, বৈদ্যুতিক বা অন্যান্য মাধ্যমে সম্পন্ন করতে হবে



জীবাণুমুক্তকরণ

- যে বস্তুগুলি একাধিক ব্যক্তি স্পর্শ করেন সেগুলিকে অবশ্যই উপযুক্ত ডিসইনফেক্ট্যান্ট দিয়ে ঘন ঘন পরিষ্কার করতে হবে।
- ঘর পরিষ্কার কর্মীদের ঝুঁকি বেশী থাকতে পারে কারণ তারা সম্ভাব্য বহু সংক্রামিত উপরিতল পরিষ্কার করেন। সেইক্ষেত্রে, বিকল্প পদ্ধতি এবং/অথবা অতিরিক্ত সুরক্ষা ব্যবস্থার দরকার পড়বে।
 - উপরিতল জীবাণুমুক্ত করার আগে ঝাড়ু দেওয়ার পরিবর্তে সাবান ও জল দিয়ে মুছে দেওয়ার পরামর্শ CDC দেয়।
- ঘর পরিষ্কার কর্মীদের স্বাস্থ্য সুরক্ষিত রাখার সরঞ্জাম পরতে হবে।
- আবর্জনা পাত্রে লাইনার ব্যবহার করতে হবে।
 - আবর্জনা ভর্তি ব্যাগ বাঁধার আগে জোর করে টিপে হাওয়া বের করবেন না



প্রতিফল থেকে সুরক্ষা

- এই পরিকল্পনার অধীনে কোন কর্মচারী নিজের অধিকার প্রয়োগ করলে কোন নিয়োগকর্তা তার সাথে পক্ষপাতমূলক আচরণ করা, হুমকি দেওয়া, প্রতিশোধ নেওয়া বা প্রতিকূল পদক্ষেপ গ্রহণ করার মত কাজ করতে পারবেন না।
- পরিকল্পনার মধ্যে নিয়োগকর্তা অধিকার লঙ্ঘনের রিপোর্ট সংক্রান্ত যোগাযোগের তথ্য অন্তর্ভুক্ত রাখবেন।
- কর্মচারী অধিকার লঙ্ঘনের রিপোর্ট লিখিত বা মৌখিকভাবে জানাতে পারবেন। আপনি যদি প্রতিফলমূলক আচরণ দেখতে পান তাহলে এই ক্ষেত্রে আপনার নিয়োগকর্তার মনোনীত ব্যক্তির সাথে যোগাযোগ করতে পারেন।

ছোট ব্যবসার মালিকদের জন্য তথ্য

ছোট ব্যবসার মালিক হিসাবে এটা আমার ক্ষেত্রে কি বোঝাবে?

- আপনি যদি ছোট ব্যবসার মালিক হন এবং একমাত্র কর্মচারী না হন, তাহলে আপনাকে হিরো আইন মেনে চলতে হবে।
- আপনাকে নিজস্ব কর্মক্ষেত্রের পরিকল্পনা বানাতে হয় শ্রম বিভাগের মডেল মানদণ্ড মেনে চলতে হবে অথবা আরও শক্তিশালী পরিকল্পনা তৈরি করতে হবে। মডেলগুলি দেখতে যান dol.ny.gov/ny-hero-act
- আপনি নিজের পরিকল্পনা তৈরি করতে পারেন, সেটিকে DOL দ্বারা অনুমোদিত হতে হবে না তবে সেখানে DOL-র প্রমাণ পরিকল্পনার শর্তগুলি পূরণ করতে হবে।



প্রয়োগকাল

5ই আগস্ট, 2021

- বায়ুবাহিত রোগ থেকে কর্মীদের সুরক্ষিত রাখতে আপনার নিয়োগকর্তাকে অবশ্যই একটি পরিকল্পনা তৈরি করতে হবে। শ্রম বিভাগ দ্বারা প্রদত্ত টেমপ্লেটও তাদের গ্রহণ করতে হবে।

4ঠা সেপ্টেম্বর, 2021

- এই পরিকল্পনা অবশ্যই কর্মচারীদের জানাতে হবে। কর্মচারীরা তাদের মাতৃভাষায় এটি জানার অনুরোধ করতে পারবেন।

1লা নভেম্বর, 2021

- 10+ কর্মচারীসহ নিয়োগকর্তাদের অবশ্যই একটি যৌথ কর্মী-ম্যানেজমেন্ট কর্মক্ষেত্র সুরক্ষা কমিটি গঠনের ও পরিচালনার অনুমতি দিতে হবে।

আমি যদি মেনে না চলি তাহলে কি হবে?

- একটি বায়ুবাহিত সংক্রামক রোগ প্রতিরোধ পরিকল্পনা মেনে না চলার জন্য আপনাকে দিন প্রতি \$50 বা তারও বেশী জরিমানা দিতে হতে পারে।
- ছয় বছরের মধ্যে একাধিকবার লঙ্ঘনের ক্ষেত্রে রাজ্য স্বাস্থ্য কমিশনার আপনার জন্য \$1,000 থেকে \$10,000 জরিমানা ধার্য করতে পারে যা পরবর্তীকালে আরও বাড়বে।
 - আপনাকে দ্রুত একটি প্রতিরক্ষামূলক পরিকল্পনা তৈরি করতে হবে ও সবাইকে জানাতে হবে এবং বায়ুবাহিত সংক্রামক রোগের প্রাদুর্ভাব সম্পর্কে সাম্প্রতিক তথ্য জেনে রাখতে হবে।

আমার ভাষায় সাহায্য পেতে কার সাথে যোগাযোগ করব?

- শ্রম বিভাগ ভাষা উপলব্ধতা পরিষেবা প্রদান করে যাতে আপনি স্বচ্ছন্দে নিজের ভাষায় কারও সাথে কথা বলতে পারেন, এই নম্বরে: [1-888-469-7356](tel:1-888-469-7356)

আমাকে কোন মানদণ্ড প্রযুক্ত করতে হবে?

- DOL প্রদত্ত মডেল পরিকল্পনায় আরও তথ্য দেওয়া থাকে তবে আপনাকে অবশ্যই ন্যূনতমভাবে:
 - সমস্ত কর্মচারীকে মাস্ক দিতে হবে এবং তাদের মাস্ক পরতে বলতে হবে
 - আবশ্যকীয় PPE প্রদান করতে হবে
 - অন্ততপক্ষে 6 ফুটের সামাজিক দূরত্ব বজায় রাখতে হবে
 - হ্যান্ড স্যানিটাইজার/ ওয়াশিং স্টেশন দিতে হবে
 - প্রতিদিন কাজের শুরুতে কর্মীদের পরীক্ষা করে COVID-19 এর উপসর্গ আছে কিনা যাচাই করতে হবে
 - সম্ভাব্য সর্বাধিক পর্যায়ে বাইরের বাতাসের প্রবাহ বৃদ্ধি করতে হবে
 - খুব বেশী স্পর্শ করা তল নিয়মিত জীবাণুমুক্ত করতে হবে
 - আক্রান্ত ও সংস্পর্শে আসা কর্মীদের বেতনসহ কোয়ারেন্টিন ছুটি প্রদান করতে হবে
 - নিয়ম পালন বজায় রাখতে একজন তত্ত্বাবধায়ক নিযুক্ত করতে হবে